

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নম্বর : ৪৬.০০.০০০০.০৮২.১৮.০০১.১৯(১)-১৩৫৯

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১  
১৪ আগস্ট ২০২৪

## অফিস আদেশ

যেহেতু সম্প্রতি উদ্ভৃত পরিস্থিতির কারণে বিভিন্ন জেলা পরিষদের অনেক চেয়ারম্যান ধারাবাহিকভাবে কর্মসূলে অনুপস্থিত রয়েছেন এবং যোগাযোগ করেও তাদের উপস্থিতি নিশ্চিত করা যাচ্ছে না বলে সংশ্লিষ্ট জেলা পরিষদসমূহ সুন্তো জানা যায়;

যেহেতু জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যানগণও কর্মসূলে ধারাবাহিকভাবে অনুপস্থিত রয়েছেন এবং তাদের সাথে যোগাযোগ করেও উপস্থিতি নিশ্চিত করা যাচ্ছে না বলে সংশ্লিষ্ট জেলা পরিষদ সূত্র হতে জানা যায়, এবং

যেহেতু এ প্রেক্ষিতে জেলা পরিষদসমূহের অনেক ধরণের কার্যক্রম স্থবির হয়ে পড়েছে এবং জনসেবা বিপ্লিত হচ্ছে,

সেহেতু যে সকল জেলা পরিষদে (৩টি পার্বত্য জেলা ব্যতীত) এবূপ পরিস্থিতি উদ্ভৃত হয়েছে, সে সকল জেলা পরিষদের (৩টি পার্বত্য জেলা ব্যতীত) সব ধরণের জনসেবা অব্যাহত রাখা ও প্রশাসনিক কার্যক্রম চলমান রাখার নিমিত্ত প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সাময়িকভাবে পূর্ণ আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ আজ ১৪ আগস্ট ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আবু হেনা মোরশেদ জামান  
সচিব  
স্থানীয় সরকার বিভাগ

নম্বর : ৪৬.০০.০০০০.০৮২.১৮.০০১.১৯(১)-১৩৫৯/১(১৬০)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১  
১৪ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, যমুনা, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার,.....(সকল)।
- ৪। মহাপরিচালক (প্রশাসন), প্রধান উপদেষ্টার কার্যালয়, যমুনা, ঢাকা।
- ৫। উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
- ৬। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট),.....জেলা।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,.....(সকল)।
- ৮। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, যমুনা, ঢাকা (সম্মানিত বিশেষ সহকারীর সদয় অবগতির জন্য)।
- ৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। জেলা প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা, .....(সকল)।
- ১২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪/০৮/২০২৪  
(মোহাম্মদ শফিউল আলম)  
উপসচিব